

ত্রিপুরা সরকার
বিদ্যালয় শিক্ষা দপ্তর

সেহা নং :- এফ.১৩(৫-৩৭)-এস.ই./জেন-১/২০২০


তাং :- ০৭ - ০৭ - ২০২০

বিজ্ঞপ্তি

ত্রিপুরা সরকারের বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধীনে ২০২০-২১ শিক্ষাবর্ষ থেকে SUPER 30 নামে একটি বিশেষ স্কীম চালু হচ্ছে। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্যদের মাধ্যমিক উত্তীর্ণ তপশীলি জাতি ও তপশীলি উপজাতি এবং সাধারণ ক্যাটাগরির (১০০ পয়েন্ট সংরক্ষণ কোটা অনুসারে) মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সর্বমোট ৩০ জন ছাত্র-ছাত্রীকে (যাদের পারিবারিক বার্ষিক আয় ৮ (আট) লাখ টাকার নিচে) রাজ্যের বাইরে স্বনামধন্য ও সুপ্রতিষ্ঠিত কোচিং ইন্সটিটিউশনে থেকে JEE (Joint Entrance Examination) এবং NEET (National Eligibility-cum-Entrance Test) প্রবেশিকা পরীক্ষার প্রস্তুতির জন্য আর্থিক সাহায্য প্রদান করবে।

মাধ্যমিক পরীক্ষা-২০২০ এর ফলাফলের চূড়ান্ত মেধা তালিকায় তপশীলি জাতিভুক্ত যে সকল ছাত্র-ছাত্রীর নাম প্রথম ২০ এর মধ্যে, তপশীলি উপজাতিভুক্ত মেধা তালিকায় প্রথম ৩০ এর মধ্যে এবং সাধারণ মেধা তালিকায় প্রথম ৫০ এর মধ্যে স্থান হয়েছে তাদের মধ্যে ইচ্ছুক ছাত্র-ছাত্রী যারা রাজ্যের বাইরের স্বনামধন্য ও সুপ্রতিষ্ঠিত কোচিং ইন্সটিটিউশন থেকে JEE (Joint Entrance Examination) এবং NEET (National Eligibility-cum-Entrance Test) পরীক্ষার প্রস্তুতির জন্য কোচিং নিতে ইচ্ছুক সেই সমস্ত ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ৩১-০৭-২০২০ ইং তারিখের মধ্যে অধিকর্তা, মধ্যশিক্ষা অধিকার এর নিকট দরখাস্ত জমা দিতে বলা হয়েছিল। বর্তমানে রাজ্যব্যাপি COVID-19 পরিস্থিতি পর্যালোচনা করে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে দরখাস্ত জমা নেওয়ার তারিখ আগামী ১৫ই সেপ্টেম্বর, ২০২০ পর্যন্ত বাড়ানো হয়েছে।

বিস্তারিত জানার জন্য www.schooleducation.tripura.gov.in অথবা স্ব-স্ব জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়ে অথবা বিদ্যালয় পরিদর্শকের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।


(ইউ. কে. চাকমা)
অধিকর্তা
মধ্যশিক্ষা অধিকার